



সংবাদ বিজ্ঞপ্তি

১০ জানুয়ারী ২০০৮

ক্রসরেল নিরপেক্ষ নন এক্সিকিউটিভ ডাইরেক্টরবৃন্দ নিয়োগ করছে

ক্রসরেল তার বোর্ডে চারজন নন এক্সিকিউটিভ ডাইরেক্টরকে নিয়োগের জন্য খুঁজছে। প্রার্থীদের থেকে আবেদনপত্রের জন্য উল্লেখযোগ্য সব জাতীয় সংবাদপত্রে বিজ্ঞাপন ছাপানো হয়েছে।

ক্রসরেলের বিলটি সফলভাবে হাউজ অফ কমন্স অতিক্রম করেছে এবং বর্তমানে এটি হাউজ অফ লর্ডসে আছে। যদিও TfL ক্রস লন্ডন রেল লিঙ্কস্ লিমিটেডের (Cross London Rail Links Ltd (CLRL)) মালিকানায় থাকবে কিন্তু এটি একটি আলাদা ব্যবসা ইউনিট হিসাবে থাকবে, যৌথ পরিবেশক (জয়েন্ট স্পন্সর) হিসাবে এটির ক্রসরেল বাস্তবায়নের বিষয়টি স্বায়ত্ত্বশাসন অনুশাসন চুক্তির ভেতরে গ্যারান্টিফ্রুট থাকবে।

এই প্রোজেক্টটির বাস্তবায়নের জন্য স্পন্সর হিসাবে মেয়র অফ লন্ডন এবং সেক্রেটারি ফর ট্রান্সপোর্ট বিদ্যমান থাকবেন, এই পরিস্থিতিতে ক্রসরেল বিলটি রাজকীয় অনুমোদন (Royal Assent) এবং বিভিন্ন ধরনের প্রশাসনিক চুক্তির বাস্তবায়ন পাওয়ার পরে ক্রস লন্ডন রেল লিঙ্কস্ লিমিটেড (Cross London Rail Links Limited) সামগ্রিকভাবে ট্রান্সপোর্ট অফ লন্ডনের (Transport for London) সাবসিডিয়ারিতে পরিণত হবে।

বড় মাপের এই প্রোজেক্টটি শুরু করার প্রস্তুতি হিসাবে গভর্নিং চুক্তির শর্ত পূরণের জন্য ক্রস লন্ডন রেল লিঙ্কস্ লিমিটেড বোর্ডের পুনরুত্থানের সিদ্ধান্ত নেয়া হয়েছে এবং এটি এখন চূড়ান্ত হওয়ার পর্যায়ে আছে।

এই বোর্ডে অন্ততঃপক্ষে চারজন নিরপেক্ষ নন এক্সিকিউটিভ ডাইরেক্টর এবং তিনজন এক্সিকিউটিভ ডাইরেক্টর থাকবেন। সেইসাথে দুজন স্পন্সরের প্রত্যেকে আরো একজন নন এক্সিকিউটিভ ডাইরেক্টর নিযুক্ত করার অধিকার বজায় রাখবেন।

CLRL এক্সিকিউটিভ চেয়ারম্যান ডগলাস ওকারভী বলেন, ‘এই বিশাল প্রোজেক্টের বাস্তবায়নের জন্য প্রয়োজনীয় খরচ ও সুযোগসুবিধা আয়ত্বের ভেতরে রাখা নিশ্চিত করার জন্য বাস্তবায়ন পর্যায়ে একটি শক্তিশালী স্বাধীন বোর্ডের সৃষ্টি সবচেয়ে গুরুত্বপূর্ণ - এর মাধ্যমে বিশ্বমানের সময়মত এবং বাজেটের ভেতরে একটি সুলভ রেলওয়ে প্রোজেক্ট সম্পন্ন করা সম্ভব হবে।’

৫ অক্টোবর ২০০৭ তারিখে প্রধানমন্ত্রী গর্ডন ব্রাউন ঘোষণা দেন যে ডিপার্টমেন্ট ফর ট্রান্সপোর্ট, মেয়র অফ লন্ডন এবং লন্ডনের ব্যবসা-বানিজ্যের ভেতরে একটি ফান্ডিং প্যাকেজের ভেতরে ঐক্যমত হয়েছে। এই চুক্তির মূল বিষয়াদী ১৯ নভেম্বর ২০০৭ তারিখে প্রকাশিত হয়েছে।

আগ্রহী প্রার্থীদের তাদের বর্তমান পেশার বিস্তারিত বিবরণ এবং সংশ্লিষ্ট অভিজ্ঞতা এক্সিকিউটিভ চেয়ারম্যানের কাছে এই ঠিকানা বরাবর পাঠানোর জন্য অনুরোধ করা হয়েছে: Executive Chairman, Cross London Rail Links Limited, Portland House, Bressenden Place, London SW1E 5BH. আবেদনপত্র গ্রহণের শেষ তারিখ ৩১ জানুয়ারী ২০০৮.

শেষ

বিস্তারিত তথ্যের জন্য ক্রসরেলের মিডিয়া রিলেশান্স ম্যানেজার ইয়ান র্যাথবোনকে 020 3023 9511/07739 226 285 নাম্বারে ফোন করুন, তার কাছে ইমেইল করার ঠিকানা: ianrathbone@crossrail.co.uk,

সম্পাদকদের জন্য নোট

সপ্তাহে সাত দিন এবং প্রতিদিন ২৪ ঘন্টা খোলা হেল্পলাইনের নাম্বার 0845 602 3813 এবং ইমেইল ঠিকানা helpdesk@crossrail.co.uk, এছাড়াও www.crossrail.co.uk ওয়েবসাইটে অতীতের বিভিন্ন তথ্য রাখা আছে।